দৈনিক জনকণ্ঠ

তারিখ ... SEP. 6 1999
পৃষ্ঠা 2 কলাম 2

১৪

# আলিম ফাজিল ও কামিল পরীক্ষার ফল বের হবে ৯ সেপ্টেম্বর

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত ১৯৯৯ সালের আলিম, ফাজিল ও কামিল পরীক্ষার ফল আগামী ৯ সেপ্টেম্বর বৃহস্পতিবার বিকাল চারটায় দেশের সকল জেলা প্রশাসকের দফতর থেকে একযোগে প্রকাশ করা হবে। কেন্দ্র সচিবগণ তাঁদের নিজ নিজ জেলা প্রশাসকের দফতর হতে সংশ্লিষ্ট কেন্দ্রের ফল সংগ্রহ করতে পারবেন। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড থেকে অথবা কম্পিউটার কেন্দ্র থেকে কোন ফল জানা যাবে না। খবর তথ্য বিবরণীর।